তীব্র লোডশেডিংয়ে হামলার শঙ্কায় এসপির কাছে নিরাপত্তা চাইল বিদ্যুৎ অফিস



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জ শহরে বিদ্যুৎ বিভ্রাট বেড়ে যাওয়ায় গ্রাহকদের মধ্যে ক্ষোভ তৈরি হওয়ার আশঙ্কা করছে বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ। এ পরিস্থিতিতে নিজেদের কার্যালয়, উপকেন্দ্র এবং কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে জেলা পুলিশ সুপারের কাছে চিঠি দিয়েছে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো)।

মঙ্গলবার (১১ আগস্ট) ওজোপাডিকোর গোপালগঞ্জ কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী মো. মাঈন উদ্দিন স্বাক্ষরিত চিঠিতে এ নিরাপত্তা চাওয়া হয়। চিঠিতে বলা হয়েছে, বিদ্যুৎ উৎপাদন কমে যাওয়ায় জাতীয় গ্রিড থেকে গোপালগঞ্জের চাহিদার তুলনায় কম বিদ্যুৎ পাওয়া যাচ্ছে। এর ফলে শহর এলাকায় ঘন ঘন লোডশেডিং দিতে হচ্ছে এবং স্বাভাবিক সরবরাহ ব্যাহত হচ্ছে।

ওজোপাডিকোর নির্বাহী প্রকৌশলী জানান, গোপালগঞ্জ শহরে বিদ্যুতের দৈনিক চাহিদা প্রায় ১৮ মেগাওয়াট। বিপরীতে বর্তমানে ৯ থেকে ১০ মেগাওয়াটের মতো বরাদ্দ পাওয়া যাচ্ছে। ফলে দিনের বিভিন্ন সময়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হচ্ছে। এতে প্রচণ্ড গরমের মধ্যে গ্রাহকদের দুর্ভোগ বাড়ছে।

চিঠিতে আরও বলা হয়, দীর্ঘ সময় বিদ্যুৎ না থাকায় অসন্তুষ্ট গ্রাহকদের কেউ কার্যালয়, বৈদ্যুতিক স্থাপনা বা উপকেন্দ্রে হামলা কিংবা অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটাতে পারেন। এ কারণে ওজোপাডিকোর কার্যালয় ও চরপাথালিয়ায় থাকা দুটি ৩৩/১১ কেভি উপকেন্দ্রকে নিয়মিত পুলিশ টহলের আওতায় আনা এবং এসব স্থাপনার নিরাপত্তা জোরদারের অনুরোধ জানানো হয়েছে।

নির্বাহী প্রকৌশলী মো. মাঈন উদ্দিন বলেন, লোডশেডিংয়ের কারণে গ্রাহকদের ভোগান্তি হচ্ছে এবং এ থেকেই সম্ভাব্য হামলার আশঙ্কায় পুলিশি নিরাপত্তা চাওয়া হয়েছে। জেলা পুলিশ সুপার মো. হাবিবুল্লাহ জানান, চিঠিটি এখনো আমার হাতে পৌঁছায়নি। চিঠি পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হবে।